

ভালোবাসি ভালোবাসি লিরিক্সঃ-

ভালোবাসি ভালোবাসি  
এই সুরে কাছে দূরে জলে স্থলে বাজায়  
বাজায় বাঁশি, ভালোবাসি ভালোবাসি।

আকাশে কার বুকের মাঝে ব্যথা বাজে,  
দিগন্তে কার কালো আঁখি  
আঁখির জলে যায় ভাসি ভালোবাসি  
ভালোবাসি ভালোবাসি।

সেই সুরে সাগরকূলে বাঁধন খুলে  
অতল রোদন উঠে দুলে।  
সেই সুরে সাগর কূলে বাঁধন খুলে  
অতল রোদন উঠে দুলে।

সেই সুরে বাজে মনে অকারণে  
ভুলে যাওয়া গানের বাণী,  
ভোলা দিনের কাঁদন  
কাঁদন - হাসি।  
ভালোবাসি ভালোবাসি  
ভালোবাসি ভালোবাসি।

এই সুরে কাছে দূরে জলে স্থলে বাজায়  
বাজায় বাঁশি ভালোবাসি ভালোবাসি।